# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬০৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا بِهِ أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ يَحْيَى ، نَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ ، نَا أَبَانُ ، نَا مَطَرٌ ، عَنْ حَفْصَةَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ ، قَالَ : " بَيْنَمَا رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يُصَلِّي بِأَصْحَابِهِ ، إِذْ جَاءَ رَجُلٌ فِي بَصَرِهِ سُوءٌ ، فَمَرَّ عَلَى بِئْرٍ قَدْ غُشِّيَ عَلَيْهَا ، فَوَقَعَ فِيهَا فَضَحِكَ بَعْضُ الْقَوْمِ ؛ فَأَمَرَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ مَنْ ضَحِكَ أَنْ يُعِيدَ الْوُضُوءَ وَالصَّلَاةَ " . وَكَذَلِكَ رَوَاهُ حَفْصُ بْنُ سُلَيْمَانَ الْمِنْقَرِيُّ الْبَصْرِيُّ ، عَنْ حَفْصَةَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ

বাংলা

৬০৭(৩১)। আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আবুল আলিয়া (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের নিয়ে নামায পড়ছিলেন। তখন ত্রুটিযুক্ত চোখবিশিষ্ট এক ব্যক্তি এলো এবং সে ঢেকে রাখা একটি কূপ অতিক্রম করতে গিয়ে তার মধ্যে পড়ে গেল। তাতে কতক লোক (নামাযরত অবস্থায়) হাসলো। অতএব যারা হেসেছে তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পুনরায় উযু করার এবং নামায পড়ার নির্দেশ দিলেন।

এই হাদীস হাফস ইবনে সুলায়মান আল-মিনকারী আল-বাসরী (রহঃ) হাফসা-আবুল আলিয়া (রহঃ) সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবুল আলীয়া (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80396

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন